

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌ-পরিবহন মন্ত্রণালয়  
পরিকল্পনা-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয় ঢাকা  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

নথি নং-১৮.০২২.০২১.০১৪.০০৪.২০১৬/৫৮

তারিখঃ ২৭/০৩/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়ন আন্তঃখাত সমন্বয়কৃত শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গত ১২/০৩/২০১৭ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়ন আন্তঃখাত সমন্বয়কৃত শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১ (এক) পাতা।

*Hammed 27/3/17*  
মোঃ হারুন-অর-রশিদ  
সহকারী প্রধান  
ফোনঃ-৯৫১৪৪৭৬  
[ac.plann5@mos.gov.bd](mailto:ac.plann5@mos.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। বিভাগ প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা (দৃঃ আঃ যুগ্ম-প্রধান, রেল পরিবহন উইং)
- ২। বিভাগ প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা। (দৃঃ আঃ যুগ্ম-প্রধান, ভৌত উইং)।
- ৩। বিভাগ প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক সমন্বয় উইং, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।
- ৬। প্রকল্প পরিচালক, “পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়ন” শীর্ষক প্রকল্প, পায়রা বন্দর কর্তৃপক্ষ, আল-আমিন মিলিনিয়াম টাওয়ার, লেভেল-৭, ৭৫-৭৬ কাকরাইল, ঢাকা।

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (তাকে কার্যবিবরণীটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। যুগ্ম-প্রধান, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : গত ১২/০৩/২০১৭ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়ন আন্তঃখাত সমন্বয়কৃত শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব অশোক মাধব রায়  
সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।  
সভার তারিখ : ১২/০৩/২০১৭  
সময় : বেলা ১২.৩০ ঘটিকা  
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।  
উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-“ক”তে সন্নিবেশিত হলো।

২.০ উপস্থাপনাঃ সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি যুগ্ম-প্রধান, নৌ পরিবহন মন্ত্রণালয়কে সভার বিষয়বস্তু উপস্থাপনের অনুরোধ জানান। যুগ্ম-প্রধান সভাকে অবহিত করেন যে, পায়রা বন্দর কর্তৃপক্ষের আওতাধীন পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়ন” প্রকল্পটি মোট ১১২৮.৪৩ কোটি টাকা ব্যয়ে জুলাই ২০১৫ হতে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য একনেক কর্তৃক অনুমোদিত আছে। পায়রা বন্দর কর্তৃপক্ষ অনুমোদিত প্রকল্পে পরামর্শক খাতে ২.০০ কোটি টাকার সংস্থান এর বিপরীতে ১১.২১ কোটি সংস্থান অর্থাৎ অতিরিক্ত ৮.২১ কোটি টাকার প্রয়োজন বিধায় ভেত কন্সট্রাক্সি খাত হতে উক্ত অর্থ পরামর্শক খাতে স্থানান্তরের প্রস্তাব করেছে।

৩.০ আলোচনাঃ পরিকল্পনা কমিশনের প্রতিনিধি বলেন যে, অনুমোদিত ডিপিপিতে পরামর্শক এর জন্য যে TOR বর্ণিত রয়েছে তার সাথে বর্তমানে প্রস্তাবিত পরামর্শকের TOR এর মিল নেই। তাই প্রস্তাবিত পরামর্শক নতুন অঙ্গ হিসেবে বিবেচিত হবে। এছাড়া, প্রস্তাব অনুযায়ী পরামর্শকের সংখ্যা/পরিমাণ বৃদ্ধি পাবে। সুতরাং এটি অনুমোদনের এখতিয়ার পরিকল্পনা কমিশনের। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া, নতুন পরামর্শকের TOR ডিপিপিতে অন্তর্ভুক্ত করে তা অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.০। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

৪.১ পায়রা গভীর সমুদ্র বন্দরের কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো/সুবিধাদির উন্নয়ন অনুমোদিত প্রকল্পটিতে নতুন পরামর্শকের TOR অন্তর্ভুক্ত করে প্রকল্পটি সংশোধনপূর্বক পুনর্গঠিত ডিপিপি জরুরি ভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৫.০। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/  
২৩/০৩/২০১৭  
(অশোক মাধব রায়)  
সচিব  
নৌপরিবহন মন্ত্রণালয়